



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়

সেক্রেটারীজ ডিভিশন

৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

বিজ্ঞপ্তি

আইসিবি-র সম্মানিত শেয়ারমালিকগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আইসিবি-র ৪০তম বার্ষিক সাধারণ সভা ২৪-১২-২০১৬ তারিখে অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে আগামী ১৪-১১-২০১৬ তারিখে “রেকর্ড ডেট” নির্ধারণ করা হয়েছে। আইসিবি-র সম্মানিত শেয়ারহোল্ডারগণকে তাঁদের স্ব-স্ব বিও অ্যাকাউন্টের ব্যাংকের নাম, শাখার নাম, ব্যাংক অ্যাকাউন্ট নং, রাউটিং নং এবং ১২ ডিজিটের Electronic Tax Identification Number(E-TIN) সংক্রান্ত সঠিক তথ্য স্ব-স্ব বিও হিসাবে হালনাগাদ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। এছাড়া, যে সকল শেয়ারমালিক এখনও কাণ্ডজে শেয়ার ডিম্যাট করেননি তাদেরকে অবিলম্বে আইসিবি শেয়ারসমূহ ডিম্যাট করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য যে, শেয়ার ডিম্যাট না করার কারণে বিভিন্ন অর্থবছরে আইসিবি কর্তৃক ঘোষিত বোনাস শেয়ারসমূহ আইসিবি-র সাসপেন্স বিও অ্যাকাউন্টে সংরক্ষিত রয়েছে। শেয়ারমালিকগণের বোনাস শেয়ারসমূহ স্ব-স্ব বিও হিসাবে ক্রেডিট করার জন্য তাঁদের বিও হিসাব নম্বর সরবরাহ করা প্রয়োজন। বিও হিসাবে শেয়ার ক্রেডিট করা না হলে শেয়ারের সঠিক সংখ্যা নির্ধারণ করতে অসুবিধা হয়।

২। আরও উল্লেখ্য যে, যে সকল শেয়ারমালিক ইতোমধ্যে তাঁদের শেয়ার ডিম্যাট করেছেন কিন্তু বোনাস শেয়ার বিও হিসাবে ক্রেডিটের জন্য আবেদন করেননি সে সকল শেয়ারমালিকগণকে আবেদনপত্রসহ তাঁদের বিও হিসাব নম্বর আইসিবিতে সরবরাহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। বিষয়টি অতীব জরুরি।

(দীপিকা ভট্টাচার্য)

মহাব্যবস্থাপক/সচিব

তারিখ: ০৭/১১/২০১৬